মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালিত

মেহেরপুরে জেলা বিএনপি উদ্যোগে বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে।

আজ ৭ই নভেম্বর সকাল সাড়ে দশটার সময় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, অবিলম্বে দেশের সংকট মোকাবেলায় নিরপেক্ষ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটের অধিকার প্রতিষ্ঠা করতে হবে। গণমাধ্যমের স্বাধীনতা দিতে হবে। করোনাকালীন সময়ে লক্ষ-কোটি বেকার যুবকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। পররাষ্ট্রনীতিতে বিদেশের প্রভুত্বনীতি বর্জন করতে হবে।

তিনি আরও বলেন, ৭ই নভেম্বরের চেতনায় দেশ বাঁচাও মানুষ বাঁচাও এই সংগ্রামে সকলকে অংশগ্রহণ করতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক (মুজিবনগর) আব্দুর রশিদ, যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক বদরুদ্দিন বিশ্বাস, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, সদর উপজেলা বিএনপির শাহাবুদ্দিন মোল্লা,

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা কৃষকদলের যুগ্ম সম্পাদক আরমান আলী, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, সদস্য সচিব আনোয়ারুল ইসলাম, জেলা ছাত্রদলের মুজিবনগর উপজেলা আহবায়ক আকিব জাভেদ সেনজিন, সদর উপজেলার আহবাহক বখতিয়ার খালিদ বুলবুল, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী, সরকারী কলেজ ছাত্রদলের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন সহ জেলা ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে উপজেলা বিএনপি’র কমিটি বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন

ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে আহ্বায়ক কমিটি গঠনের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা বিএনপি’র একাংশের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে থানা বিএনপি কার্যালয়ে আয়োজিত বিএনপি’র একাংশের এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সাবেক থানা বিএনপি’র সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

লিখিত বক্তব্যে তিনি বলেন, থানা বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের ত্যাগী নেতা-কর্মীদের উপেক্ষা করে দালালদের নিয়ে গঠিত বির্তকিত আহ্বায়ক কমিটি বাতিল করতে হবে। সেই সাথে অবিলম্বে নতুন করে সর্বজন গ্রহণযোগ্য থানা আহ্বায়ক কমিটি গঠনের দাবি করা হয়। সংবাদ সম্মেলনে জানানো হয় জেলা কমিটির আহ্বায়ক এ্যাডঃ মশিয়ার রহমান, সদস্য সচিব আব্দুল মজিদসহ অধিকাংশ নেতৃবৃন্দের সাথে আলাপ করে কোটচাঁদপুর বিএনপি’র সহাবস্থানের জন্য আমাদেরন পক্ষ থেকে একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়। আমাদের বিপরীতে সাবেক সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাকের নেতৃত্বে আরো একটা খসড়া তালিকা জমা দেওয়া হয়।

এ ক্ষেত্রে আমাদের প্রস্তাব ছিল সুষ্ঠু সাংগঠনিক অবস্থা বজায় রাখতে উভয় পক্ষ হতে সমন্বয় করে কমিটি প্রণয়ন করতে একটি প্রস্তবনা দেওয়া হয়। কিন্তু দুঃখের বিষয় গত ০৭.০৩.২০২০ তারিখে জেলা আহ্বায়ক ও সদস্য সচিব স্বাক্ষরিত ৪১ সদস্যের একটি কমিটি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়।

প্রকাশিত এ কমিটিতে থানা বিএনপি’র সভাপতি ও সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পালনকারি নেতৃবৃন্দকে কোন পদে রাখা হয়নি। ফলে গেল ১১.০৩.২০২০ তারিখে আহ্বায়ক কমিটি থেকে ৪ জন যুগ্ম-আহবায়ক সহ ১৬ জন সদস্য পদত্যাগ করেন। সংবাদ সম্মেলনে জেলা আহবায়ক কমিটির সদস্য

সচিবের আচরণে বিস্ময় প্রকাশ করা হয়।

সংবাদ সম্মেলনে এ সময় উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ নূরুজ্জামান, উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক, সাবেক সাংগঠনিক সম্পাদক আইস উদ্দীন, সাবেক থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোঃ কামরুজ্জামান সিদ্দিক সহ বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা।

কে হবে আমেরিকার প্রেসিডেন্ট?

আমরা জয়ের পথে রয়েছি বলে বিশ্বাস করি। সব ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত এখন আমাদের ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে – এমন মন্তব্য করেছেন ডেমোক্র্যাটিক প্রেসিডেন্ট প্রার্থী জো বাইডেন।

তিনি আরো বলেন, সকাল নাগাদ পুরো ফলাফল চলে আসতে পারে। তবে কে বিজয়ী হবে এটা বলার দায়িত্ব আমার বা ট্রাম্পের নয়। এটা একমাত্র আমেরিকার জনগণের সিদ্ধান্ত।
এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের দামামা ছড়িয়ে পড়েছে পুরো বিশ্বে। সবার চোখে এখন যুক্তরাষ্ট্রের দিকে। এর মধ্যে ইলেক্টোরাল ভোটে ট্রাম্পের চেয়ে বেশ এগিয়ে জো বাইডেন। যদিও ইতিমধ্যে গুরুত্বপূর্ণ অঙ্গরাজ্য ফ্লোরিডা এবং ওহাইও জিতে নিয়েছেন ট্রাম্প।

মার্কিন গণমাধ্যম বলছে, ক্যালিফোর্নিয়া, ওরেগন এবং ওয়াশিংটনে জো বাইডেন জয় ছিনিয়ে নিয়েছে ট্রাম্পের কাছ থেকে। ৪৬তম প্রেসিডেন্ট হতে হলে ২৭০টি ইলেক্টোরাল ভোটে জিতেই হবে। এখন পর্যন্ত ইলেক্টোরাল ভোটের প্রাপ্ত ফল অনুযায়ী বাইডেন পেয়েছেন ২৩৮ আর প্রতিদ্বন্দ্বী ট্রাম্প পেয়েছেন ২১৩টি ভোট।

ফলাফল অনুযায়ী, ক্যালিফোর্নিয়া, ওরেগন, ডিস্ট্রিক্ট অব কলম্বিয়া, কলোরাডো, ডেলাওয়ারে,ম্যারিল্যান্ড, ম্যাচাচুসেটস, নিউ জার্সি, নিউ ইয়র্ক, ওয়াশিংটন ডিসি, নিউ মেক্সিকো, নিউ হ্যাম্পশায়ার, রোডে আইল্যান্ডে, কানেক্টিকাট, ইলিনয়েস, মেরিল্যান্ড, মিনেসোটা, হাওয়াই, ট্রাম্পকে পেছনে ফেলে এগিয়ে

আছেন বাইডেন।

অন্যদিকে, দেশটির বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান দলীয় প্রার্থী ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হয়েছেন- ইন্ডিয়ানা, কেন্টাকি, ওকলাহোমা, টেনেসি, ওয়েস্ট ভার্জিনিয়া, আরাকানসাস, সাউথ ডাকোটা, নর্থ ডাকোটা, আলাবামা, সাউথ ক্যারোলাইনা, লুইজিয়ানা, নেব্রাসা এবং নেব্রাসার থার্ড ডিসট্রিক্ট, উটাহ, মিসৌরি, কানসাস, ওয়াইওমিং এবং মিসিসিপি।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য একজন প্রার্থীর ৫০টি রাজ্য ও ওয়াশিংটন ডিসি মিলে মোট ২৭০টি ইলেকটোরাল কলেজ ভোটের দরকার। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট সাধারণত জাতীয় ভোটের মাধ্যমে নির্বাচিত হন না। এদিকে, মার্কিন সংসদের সিনেটের ১০০ জন, প্রতিনিধি পরিষদের ৪৩৫ এবং সাংবিধানিক ক্ষমতাবলে ওয়াশিংটন ডিসির তিনজন প্রতিনিধিসহ দেশটিতে মোট ইলেক্টোরাল কলেজ প্রতিনিধির সংখ্যা ৫৩৮।

ভোট গণনা শেষ হওয়ার আগেই নিজেকে জয়ী দাবি করেছেন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ও রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। এর পাশাপাশি ভোট গণনায় কারচুপির অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তিনি। এর পরিপ্রেক্ষিতে ট্রাম্পের প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের ডেমোক্রেট দলের পক্ষ থেকে জানানো হয়েছে, ট্রাম্প আদালতে গেলে তারাও আইনজীবীদের একটি দল প্রস্তুত রেখেছে।

গতকাল বুধবার স্থানীয় সময় মধ্যরাতে হোয়াইট হাউসের ইস্ট রুমে দেওয়া ভাষণে ট্রাম্প বলেন, ‘আমরা সুপ্রিম কোর্টে যাবো। আমরা ভোট গণনার কার্যক্রম এই মুহূর্তে বন্ধ চাই। যুক্তরাষ্ট্রের জন্য এটি খুবই দুঃখজনক একটি মুহূর্ত।’

তবে জো বাইডেন তার সমর্থকদের ধৈর্য ধরার আহ্বান জানিয়ে বলেছেন, ‘ট্রাম্প বা আমি নিজেকে জয়ী ঘোষণার কেউ নই। এটা আমেরিকার জনগণের সিদ্ধান্ত।’

নিউইয়র্ক টাইমসের তথ্য অনুযায়ী, এখনো আটটি অঙ্গরাজ্যের ফল বাকি রয়েছে। এগুলোতে হাড্ডাহাড্ডি লড়াই চলছে দুই প্রতিদ্বন্দ্বীর। এর মধ্যে পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের ফল পেতে শুক্রবার পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে বলে জানিয়েছেন নির্বাচন সংশ্লিষ্টরা।

এই অঙ্গরাজ্যে ২০ টি ইলেকটোরাল কলেজ ভোট রয়েছে। ৭৫ শতাংশ ভোট গণনা পর্যন্ত এখানে প্রায় ছয় লাখ ভোটের ব্যবধানে এগিয়ে আছেন ট্রাম্প। অন্য যে অঙ্গরাজ্যগুলোর ফলের জন্য অপেক্ষা করতে হবে, সেগুলো হলো নেভাদা, অ্যারিজোনা, আলাস্কা, উইসকনসিন, মিশিগান, জর্জিয়া ও নর্থ ক্যারোলাইনা।

কালীগঞ্জে তরিকুল ইসলামের মৃত্যু বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জে সাবেক মন্ত্রী ও বিএনপি’র স্থায়ী কমিটির প্রয়াত সদস্য তরিকুল ইসলামের ২য় মৃত্যু বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
বুধবার সকালে শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম-আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম-আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম-আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, পৌর বিএনপির যুগ্ম-আহবায়ক আনোয়ার হোসেন, জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ, উপজেলা বিএনপি নেতা লিয়াকত আলী মাস্টার, আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, আবু বক্কর রাজু, জাহিদ হাসান, পৌর বিএনপি নেতা শওকত হোসেন ফেলু, আব্দুর রব, মহিউদ্দিন মহি, ফারুক হোসেন, শাহাজান আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলামত খোকা, আজিজুল ইসলাম লস্কার,

পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুল ইসলাম আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, টিটন হোসেন, জাকির হোসেন, আতিয়ার রহমান মেম্বর, শ্রমিক দলের আব্বাস উদ্দিন, ফরিদ হোসেন,

সবুজ হোসেন, মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, পৌর তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের দলের নেতা আমিন মোল্লা, রুহুল আমিন মেম্বর, স্বেচ্ছাসেবক দলের নেতা দেলোয়ার হোসেন, সোহেল রানা,

এসএম মাসুম পারভেজ, জাহাঙ্গীর হোসেন, আলমগীর হোসেন আলম, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সহসভাপতি রাশিদুজ্জামান তুফান, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম-আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম-আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, মরহুম তরিকুল ইসলাম ছিলেন গণমানুষের রাজনীতির সাথে আজীবন যুক্ত। দেশ ও দশের প্রতি সহমর্মী এই মানুষটি সবসময় নিজ আদর্শে ছিলেন অবিচল। জাতীয়তাবাদী রাজনীতির কল্যাণে গণমানুষের ভাগ্যের পরিবর্তন ঘটিয়ে সামাজিক ন্যায়বিচার ভিত্তিক শোষণমুক্ত সমাজ এবং গণতান্ত্রিক, মানবিক ও কল্যাণমুখী রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মরহুম তরিকুল ইসলামের রাজনীতির মূল লক্ষ্য। এ লক্ষ্যে তিনি নিরলস ভাবে কাজ করেছেন আজীবন।

কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হানা যাবে না: ওবায়দুল কাদের

কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হেনে কিছু না লেখার আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন এবং সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বসামাজিক যোগাযোগমাধ্যমে গুজবের বিষয়ে সবাইকে সচেতন থাকার আহ্বান জানিয়েছেন।

ওবায়দুল কাদের বলেছেন, আমরা ঐতিহ্যগত সব ধর্মের মানুষের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সহাবস্থান করছি। কারও ধর্মীয় বিশ্বাসে আঘাত হানা যাবে না।

বুধবার সংসদ ভবন এলাকায় নিজের সরকারি বাসভবন থেকে এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তিনি এ আহ্বান জানান।

ওবায়দুল কাদের বলেন, আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছি-সম্প্রতি ধর্মীয় ইস্যুসহ নানান ইস্যুতে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি মতলবি-মহল উদ্দেশ্যমূলক গুজব ছড়াচ্ছে, রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। তারা সামাজিক শান্তি, স্বস্তি এবং আমাদের ঐতিহ্যগত সব ধর্মের মানুষের বন্ধুত্বপূর্ণ সহাবস্থান নষ্ট করতে চায়। এসব মিথ্যা প্রচারণা নিঃসন্দেহে শাস্তিযোগ্য অপরাধ।

মন্ত্রী বলেন, সম্প্রতি লালমনিরহাটের পাটগ্রাম এবং কুমিল্লার মুরাদনগরে দুটি ঘটনা অত্যন্ত দুঃখজনক। আমাদের প্রতিটি ধর্মের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। হতে হবে পরধর্ম সহিষ্ণু। কেউ কারও ধর্মবিশ্বাসে আঘাত করে বা কটাক্ষ করে পোস্ট দেয়া প্রত্যাশিত নয়। এ ধরনের উসকানিমূলক পোস্ট শাস্তিযোগ্য অপরাধ।

উসকানিমূলক কিছু নজরে এলে আইন নিজের হাতে তুলে না নিয়ে আইন-শৃঙ্খলা বাহিনীকে জানাতে বলেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। সূত্র-যুগান্তর

জেল হত্যা দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা

মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে ‘৩রা নভেম্বর’ জেল হত্যা দিবস উপলক্ষে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে আলাচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্স এর মাধ্যামে ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি।

এ সময় আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যাড. ইব্রাহিম শাহিন, দপ্তর সম্পাদক গোলাম কিবরিয়া, আইন বিষয়ক সম্পাদক এ্যাড. পল্লব ভট্ট্রাচার্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক, উপজেলা ভাইস চেয়ারম্যার মোমিনুল ইসলাম মোমিন, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুস সালাম, জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমুখ। এ সময় জেলা আওয়ামী লীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহে যুবলীগের আলোচনা সভা

জেল হত্যা দিবস উপলক্ষে ঝিনাইদহ সদর উপজেলা যুবলীগের উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। গতকাল ৩ নভেম্বর মঙ্গলবার বিকালে জেলা যুবলীগের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা যুবলীগের আহবায়ক ইব্রাহীম খলিল রাজার সভাপতিত্বে এবং যুগ্ম-আহবায়ক হারুনর রশিদের পরিচালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে জেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, সদস্য আফাঙ্গীর হোসেনসহ জেলা ও থানা যুবলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা জাতীয় ৪ নেতার হত্যাকারীদের দেশে ফিরিয়ে এনে দ্রুত বিচারের দাবি জানান। আলোচনা শেষে জাতীয় ৪নেতা, বঙ্গবন্ধু ও তার পরিবারের সকল সদস্যসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

জীবননগরে জেল হত্যা দিবস পালিত

জীবননগরে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা ও মাহফিলের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় পতাকা, কালো পতাকা উত্তোলন, আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মোশাররফ হোসেন মিয়ার সভাপতিত্বে আলোচনায় বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ অবঃ মোঃ নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মোঃ আঃ লতিফ অমল, পৌর আওয়ামী লীগের সভাপতি মোঃ নাসির উদ্দীন,

জীবননগর উপজেলা যুবলীগ সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

করোনায় আক্রান্ত বিএনপির একঝাঁক হেভিওয়েট নেতা

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ শাহজাহান ও তার স্ত্রী বেগম রহিমা শাহজাহান। তারা দুজনেই বাসায় থেকে চিকিৎসা নিচ্ছেন। বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানিয়েছেন।

শায়রুল বলেন, মঙ্গলবার (৩ নভেম্বর) চিকিৎসকের পরামর্শে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

এদিকে বিএনপির আরো তিন নেতার করোনা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে। তারা হলেন- বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান

মাহমুদ টুকু, সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ ও ফজলুল হক মিলন। এছাড়া শুক্রবার করোনা পজিটিভ রিপোর্ট এসেছে সাবেক সংসদ সদস্য জহির উদ্দিন স্বপনের। সূত্র- কালের কন্ঠ

জেল হত্যা দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে আওয়ামী লীগের শ্রদ্ধা

জেল হত্যা দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানিয়েছে আওয়ামী লীগ।

মঙ্গলবার সকালে বঙ্গবন্ধু ভবনের সামনে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে দলটির পক্ষ থেকে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।